بِسۡمِ اللّٰہِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

AHMADIYYA MUSLIM COMMUNITY
Press & Media Office

প্রেস বিজ্ঞপ্তি
২২ ফেব্রুয়ারি ২০২১

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভার্চুয়াল সভায় মিলিত হওয়ার সম্মান লাভ করলো নাইজেরিয়া জামা'তের জাতীয় কার্যনির্বাহী পরিষদ

প্রশাসনিক ও ধর্মীয় বিভিন্ন বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করলেন হুযূর আকদাস

২০ ফেব্রুয়ারি ২০২১, আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ্ হযরত মির্যা মসরূর আহমদ (আই.)-এর সাথে এক ভার্চুয়াল (অনলাইন) আনুষ্ঠানিক সভায় মিলিত হওয়ার এবং সাক্ষাতের সুযোগ লাভ করলেন আহমদীয়া মুসলিম জামা'ত নাইজেরিয়ার ন্যাশনাল মজলিসে আমেলার (জাতীয় কার্যনির্বাহী পরিষদের) সদস্যগণ। আরও উপস্থিত ছিলেন নাইজেরিয়ায় আহমদীয়া মুসলিম স্কুলগুলোর প্রিন্সিপালগণ, নাইজেরিয়ায় আহমদীয়া মুসলিম হাসপাতালগুলোতে সেবাদানকারী চিকিৎসকগণ এবং দেশটিতে কর্মরত ধর্ম-প্রচারকগণ।

হুযূর আকদাস যুক্তরাজ্যের টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে সভার সভাপতিত্ব করেন, আর আমেলা সদস্যগণ ভার্চুয়ালি এই সভায় যোগদান করেন নাইজেরিয়ার লাগোসের ওজোকোরো-তে অবস্থিত লাজনা হল থেকে।

প্রায় ৬০ মিনিটের এই সভায় উপস্থিত সকলেই হুযূর আকদাসের সাথে কথোপকথনের এবং বিভিন্ন বিষয়ে হুযূর আকদাসের পরামর্শ ও দিক-নির্দেশনা লাভের সুযোগ পান।

নাইজেরিয়ার আহমদীয়া মুসলিম জামা'তের সদস্যদের শিক্ষার জন্য দায়িত্বপ্রাপ্ত ন্যাশনাল সেক্রেটারি তালিমের সাথে কথোপকথনের সময়ে হুযূর আকদাস বলেন যে, এই বিভাগের উচিত আহমদী মুসলিম শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষার ব্যাপারে পথ প্রদর্শন করা।

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

“আপনাদের একটি কাউন্সেলিং এবং গাইডেন্স কমিটি গঠন করা উচিত। কমিটির উদ্দেশ্য হবে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদেরকে স্থানীয় পরিস্থিতি ও চাহিদা অনুসারে তারা কী ধরনের উচ্চতর শিক্ষা অনুসরণ করতে পারে সে ব্যাপারে দিক-নির্দেশনা ও উপদেশ প্রদান করা।”

হুযূর আকদাস এ ছাড়াও ন্যাশনাল সেক্রেটারি তরবিয়তকে (আহমদীদের নৈতিক প্রশিক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত) নাইজেরিয়ায় বসবাসকারী আহমদী মুসলিমদের সকল ইসলামী শিক্ষা পর্যবেক্ষণ নিশ্চিত করার পরামর্শও দেন।

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

“প্রত্যেক আহমদী মুসলমানকে অত্যন্ত নিষ্ঠা, সময়ানুবর্তিতা ও সতর্কতার সাথে তাদের দৈনিক পাঁচ ওয়াক্তের নামায আদায়, বিশেষভাবে পবিত্র কুরআন তেলাওয়াত, হাদীসের এবং প্রতিশ্রুত মসীহ্ (আ.) এর কতিপয় পুস্তক পাঠ করা উচিত। আহমদীয়া মুসলিম জামা’তের সদস্যগণ পড়তে পারেন এমন কিছু বই সম্পর্কে আপনি পরামর্শ দিতে পারেন— সেসব বইপত্র, যেগুলো ইংরেজিতে অনুদিত হয়েছে, যেন তারা প্রতিশ্রুত মসীহ্ (আ.) আগমনের উদ্দেশ্য, তিনি কী বলেছেন, আমাদের কাছে তাঁর প্রত্যাশা কী এবং একজন আহমদী মুসলমানের কী রকম আচরণ করা উচিত, সে-সম্পর্কে পড়তে এবং জানতে পারেন।”

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) আরও বলেন:

“যদি তরবিয়ত বিভাগ সক্রিয় থাকে এবং আপনাদের কাজ আপনারা যথাযথভাবে এবং সর্বোত্তম উপায়ে সম্পন্ন করেন, তাহলে অন্যান্য বিভাগগুলিও সাবলীলভাবে চলতে থাকবে।”

হুযূর আকদাস এ ছাড়াও নির্দেশনা প্রদান করেন যে, নাইজেরিয়ার আহমদীয়া মুসলিম জামা’তের প্রতিটি শাখায় একজন স্থানীয় মুবাল্লিগ থাকা উচিত এবং এই লক্ষ পূরণের জন্য মুবাল্লিগদের প্রশিক্ষণের জন্য একটি বিস্তারিত পরিকল্পনা করা উচিত।

উপরন্তু, হুযূর আকদাস প্রত্যেক আমেলা সদস্যকে পবিত্র কুরআনের শিক্ষা প্রদান কিংবা বৃহত্তর জনগোষ্ঠীর নিকট ইসলামের শিক্ষা পৌঁছে দেওয়ার জন্য ওয়াক্‌ফে আরযীর ওয়াদা অর্থাৎ, দু’সপ্তাহ সময় উৎসর্গ করার প্রয়োজনীয়তার কথা বলেন।

সভার শেষে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) অংশগ্রহণকারীদের জন্য দোয়া করেন এবং বলেন:

“যেভাবে আমি ইতোমধ্যে কিছু সেক্রেটারিকে নির্দেশনা প্রদান করেছি যে, তাদের কঠোর পরিশ্রম করা উচিত এবং আপনারা কোথায় কোথায় (কোন কোন ক্ষেত্রে) পিছিয়ে আছেন তা চিহ্নিত করুন আর দেখুন কীভাবে উন্নতি করতে পারেন। সর্বশক্তিমান আল্লাহ্ আপনাদের সবাইকে কল্যাণমণ্ডিত করুন।”